সমকাল

তারিখ ...02 JUN 2016...
পৃষ্ঠা ...[illegible]... কলাম ...[illegible]...

# জবিতে ছাত্রদল কর্মীকে ছাত্রলীগের মারধর

■ জবি প্রতিবেদক

জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) শাখা ছাত্রদলের ইয়াসিন ওসমান সম্রাট নামের এক কর্মীকে পিটিয়ে আহত করেছে ছাত্রলীগের নেতাকর্মীরা। গতকাল বুধবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকের সামনে এ ঘটনা ঘটে। আহত সম্রাট বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগের দশম ব্যাচের শিক্ষার্থী।

প্রত্যক্ষদর্শীরা জানান, ছাত্রদলের কর্মী হয়ে ছাত্রলীগে অনুপ্রবেশ করে বিশৃঙ্খলা সৃষ্টির অভিযোগ রয়েছে সম্রাটের বিরুদ্ধে। বিষয়টি জানাজানি হলে গতকাল জবি ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক সাইদুর রহমান জুয়েলের কর্মীরা তাকে ব্যাপক মারধর করে। আহত অবস্থায় সম্রাটকে স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়। শাখা ছাত্রদলের সভাপতি রফিকুল ইসলাম প্রশাসনের কাছে ঘটনার সঙ্গে জড়িত ছাত্রলীগ নেতাকর্মীদের বিচার দাবি করেছেন।

শাখা ছাত্রলীগের সভাপতি শরিফুল ইসলাম বলেন, 'ছাত্রদল কর্মীরা বিশৃঙ্খলার চেষ্টা করলে তাদের ক্যাম্পাস থেকে বিতারিত করা হবে।' এদিকে মারধরের এ ঘটনায় কেউ অভিযোগ করলে তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন প্রক্টর ড. নূর মোহাম্মদ।